গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৮- ৬৮৭

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০১ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

স্টিকার ভিসা সংক্রান্ত বিজ্ঞপ্তি

কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, মক্কা আল-মোকাররমা, সৌদি আরব এর নিকট হতে প্রাপ্ত ১৪৪৩ হিজরি/২০২২ সনের হজ মৌসুমের স্টিকার ভিসা সংক্রান্ত নির্দেশিকা সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০১.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: ৫৫১০১১১৮
e-mail:morahajsection@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি।

অতীব জরুরী
হজ্ব সর্বোচ্চ অগ্রাধিকার

(৭০)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
মক্কা আল-মোকাররমা, সৌদি আরব।

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.০০৭.০০৩.২০১৯-৫৭৭ তারিখঃ ৩১ মে,২০২২খ্রি.

বিষয়ঃ স্টিকার ভিসা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত বছরগুলোতে বিভিন্ন টিমে আগত সদস্যদের জন্য হজ্ব ও ওমরা মন্ত্রণালয় হতে একটি স্টীকার সরবরাহ করা হত যা ভিসা প্রাপ্তির পরে তাদের পাসপোর্টে লাগানো হতো। ফলে জেদ্দা বিমান বন্দরে পৌঁছালে তাদেরকে আলাদাভাবে হজ্জ অফিসের পক্ষ হতে বাসের টিকেট ক্রয় করে মক্কা/মদিনায় প্রেরণ করা হতো। এবছর এধরণের কোন স্টিকার প্রদান করা হবে না, মর্মে হজ্ব ও ওমরা মন্ত্রনালয় হতে জানানো হয়েছে। ভিসা প্রসেস করার সময় দুই ধরণের ভিসা প্রসেস করতে হবে। Regular Haji এবং Hajj Mission Member। Regular Haji এর ক্ষেত্রে সকল ধরণের সার্ভিস চার্জ ও ফি পরিশোধ এবং মক্কা ও মদিনার বাড়ি/হোটেল, মক্তব (মোয়াল্লেম) ইত্যাদি নির্ধারণ করে ভিসা প্রসেস করতে হবে। অপদিকে Hajj Mission Member-দের ক্ষেত্রে শুধুমাত্র ভিসা ফি ও ইন্সুরেন্স ফি ই-হজ্ব সিস্টেমে পরিশোধ করে ভিসা প্রসেস করতে হবে। তাদের জেদ্দা-মক্কা-মদিনা-মক্কা-মাশায়ের-মক্কা-জেদ্দা যাতায়াতের জন্য বাসভাড়া হজ্ব অফিসের পক্ষ হতে ব্যবস্থা করতে হবে। Hajj Mission Member হজ্বযাত্রীদের সার্বিক সেবার জন্য আগমন করবেন। মিনা ও আরাফার জন্য তাদরে কোন মোয়াল্লেম (মক্তব) নেই। তারা হজ্ব অফিসের জন্য মিনা ও আরাফায় বরাদ্দকৃত অফিশিয়াল তাঁবুতে অবস্থান করে দায়িত্ব পালন করবেন। রাজকীয় সৌদি সরকারের হজ্ব ও ওমরা মন্ত্রণালয় কর্তৃক অনুমতি পাওয়া গেলে তারা হজ্ব পালন করতে পারবেন। এবছর Hajj Mission Member হিসেবে (বিভিন্ন টিমের সদস্য) সর্বোচ্চ ৫৭৫ জনের ভিসা ইস্যু হবে এবং প্রত্যেকের জন্য ভিসা ফি ৩০০ সৌদি রিয়াল + ইন্সুরেন্স ফি ১০৯.২৫ সৌদি রিয়াল মোট ৪০৯.২৫ সৌদি রিয়াল হারে ই-হজ্ব সিস্টেমে পরিশোধ করে ভিসা প্রসেস করতে হবে। সরকারি জিও এর অন্তর্ভূক্ত ব্যক্তিবর্গের জন্য হোটেলভাড়া, বাসভাড়া এবং মাশায়ারে যানবাহন ব্যবস্থা হজ্ব অফিসের পক্ষ থেকে করা হয়। কিন্তু সরকারি জিও এর বহি:র্ভূক্ত কোন Hajj Mission Member হিসেবে ভিসা প্রাপ্ত হয়ে সৌদি আরবে আগমন করলে তার জন্য হোটেলভাড়া, বাস ভাড়া ও মাশায়েরে যাতায়াতের ব্যবস্থা না থাকায় তাদের আবাসন ও যাতায়াতে জটিলতা সৃষ্টি হয়। অতীতে এরূপে আগত ব্যক্তিগনের জন্য আবাসন ও যাতায়াত ব্যয় হজ্ব অফিসের পক্ষ হতে বহণ করায় অডিট টিমের পক্ষ আপত্তি দাখিল করেছেন যা এখনও অনিষ্পন্ন রয়েছে। ফলে বিভিন্ন টিমের সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তিকে (যারা হজ্ব করতে ইচ্ছুক) এ ধরনের ভিসা ইস্যু করা সমীচীন হবে না। কোন কারণে টিমের সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তি এ ভিসায় আগমন করলে জেদ্দা/মদিনা বিমানবন্দর হতে মক্কা-মদিনা যাতায়াত, হোটেল এবং হজ্ব এর জন্য মোয়াল্লেম এর ব্যবস্থা তাকে নিজ উদ্যোগে গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, বিভিন্ন টিমের সদস্যসহ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩১.৫.২০২২

(মোঃ জহিরুল ইসলাম)
কাউন্সেলর (হজ্ব)

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.০০৭.০০৩.২০১৯-৫৭৭ তারিখঃ ৩১ মে,২০২২খ্রি.

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (হজ্ব), হজ্ব অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মান্যবর কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
৩. পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি।

(মোঃ জহিরুল ইসলাম)
কাউন্সেলর (হজ্ব)